ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৫৬ ● কলকাতা ● ১৪ ফাল্গুন, ১৪৩০ ● মঙ্গলবার ● ২৭ ফেব্রুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



◀◀ পুরুষদের প্লাস্টিক ব্যাগের সঙ্গে তুলনা টুইঙ্কেলের, ক্ষুব্ধ কঙ্গনা

পৃঃ ৫



কাশ্মীরের রাস্তায় ▶▶ কেন ব্যাট হাতে শচীন

পৃঃ ৬

## সন্দেশখালিতে যাদের জমি

# জোর করে নিয়েছে শাহজাহানরা, ফেরত দিতে শুরু করল সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালিতে যাদের জমি গায়ের জোরে দখল করেছিল শেখ শাহজাহান বাহিনী তাদের মালিকানা ফেরত দিতে শুরু করল মমতা বন্দ্যোপাধ্যায় সরকার।শাসক দলের এক নেতা এদিন বলেন, সন্দেশখালি নিয়ে রাজনৈতিক ব্যবস্থাপনায় গোড়া থেকে কিছু ত্রুটি হয়েছে। ব্যাপারটা যে এত বড় আকার নেবে তা আন্দাজ করা যায়নি। গোড়া থেকেই এই দুই পদক্ষেপ করলে অনেক কিছুই এড়ানো যেত।ভূমি ও ভূমি রাজস্ব দফতর সূত্রে খবর, এখনও পর্যন্ত ৬৫ জনের বেশি গ্রামবাসীর জমি ফেরত দিয়েছে সরকার।উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে যে স্থানীয় মানুষের যে আন্দোলন দলা পাকিয়ে উঠেছে তার নেপথ্যে অন্যতম কারণ হল, জোর করে জমি দখল। এই জমি সরকার নেয়নি। এ ব্যাপারে মূল অভিযোগ রয়েছে স্থানীয় তৃণমূল নেতা শেখ শাহজাহান ও তার ভাই সিরাজউদ্দিনের বিরুদ্ধে। তা ছাড়া তৃণমূলের আর এক নেতা অজিত মাইতির বিরুদ্ধেও ক্ষোভ উগরে দিচ্ছেন এলাকার মানুষ। মূল অভিযোগ হল, তাদের জমি জোর করে

এরপর ৩ পাতায়

## স্বপ্নের জঙ্গলমহলের জন্যে

# আবার নতুন ভাবনা মুখ্যমন্ত্রীর



**ঝাড়গ্রাম: নিউজ সারাদিন :** জঙ্গলমহলে ঝাড়গ্রাম জেলায় জেলাজুড়ে ঝা চকচকে রাস্তা বানানোর জন্য উদ্যোগী রাজ্য সরকার। মুখ্যমন্ত্রীর দফতরে অভিযোগ যাওয়ার পর এবছর জেলা জুড়ে 'পথশ্রী প্রকল্পে 'নতুন অনেক রাস্তা তৈরি হবে। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, জেলার প্রায় আটটা ব্লক থেকেই বিভিন্ন মাটির রাস্তা পাকা করার উদ্যোগী শুরু করেছে জেলা প্রশাসন। আদিবাসী অধ্যুষিত এই গ্রামে কোন রাস্তা নেই। এখানে পথশ্রীতে রাস্তাটি হলে মানুষের খুবই উপকার হবে। "অন্যদিকে এই বিষয়ে ঝাড়গ্রামের জেলা শাসক সুনীল আগরওয়াল বলেন " এই বছর পথশ্রী প্রকল্পে জেলায় মোট রাস্তা হবে ৪০ টি। ঝাড়গ্রামের তৃণমূল নেতা মথুর মাহাতো দাবি, "জঙ্গলমহলের আগে রাস্তা ছিল না মানুষ হাসপাতালে যেতে পারত না। এখন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের প্রকল্প পথশ্রীর মাধ্যমে মানুষজন ঝাঁ চকচকে রাস্তা পেয়েছেন। "সেই মোতাবেক জেলা পরিষদের বরাদ্দ অর্থে রাস্তা গুলি তৈরি হবে বলে জানা গিয়েছে। জানা গিয়েছে ,গত বছর জেলা জুড়ে অনেক রাস্তা তৈরি হলেও অভিযোগ ছিল বিস্তর। এবার সেই অভিযোগের পর চলতি বছর 'পথশ্রী প্রকল্পে' আরো চল্লিশটি নতুন রাস্তা পাকা হবে। এই চল্লিশটির মধ্যে উনচল্লিশটি রাস্তাই সিএমও দফতরে পাকা করার দাবি জানানো

এরপর ৩ পাতায়

## সাত দিনেই গ্রেফতার হবে

# শাহজাহান দাবী তৃণমূলের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'শেখ শাহজাহান গ্রেফতার নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় সঠিক বলেছিলেন। আদালতের আইনি জটেই বিষয়টা আটকে ছিল। তার সুযোগে রাজনীতি করছিল বিরোধীরা। আজ হাইকোর্ট সেই জট খুলে পুলিসকে পদক্ষেপে অনুমোদন দেওয়ায় ধন্যবাদ। সাত দিনের মধ্যে শাহজাহান গ্রেফাতর হবে।' এমনই মত তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষের।অন্যদিকে, ব্রাতয় বসুদের বক্তব্য, সংগঠিতভাবে সন্দেশখালি নিয়ে রাজনীতি করছেন বিরোধীরা। শাহজাহানদের পাশে আছে দল, এটা মিথ্যে কথা। কোনও দোষী ব্যক্তির পাশে নেই তৃণমূল কংগ্রেস। তাই বলে তৃণমূল কংগ্রেসকে টার্গেট করলে বরদাস্ত নয়। ২০১১-র আগে কোন দলে ছিল শাহজাহান? ২০০৩ থেকে ২০১০ পর্যন্ত সিপিএমে ছিল শাহজাহান। প্রধানমন্ত্রী রাজ্যে আসা পর্যন্ত বিষয়টি জিইয়ে রাখা হয়েছে।শাহজাহানকে গ্রেফতারিতে কোনও স্থগিতাদেশ নেই। সাফ জানিয়ে দিয়েছে হাইকোর্ট। শুধু সিটেই মানা। সন্দেশখালি মামলায় নেতাকে যুক্ত করার নির্দেশ প্রধান বিচারপতির। পার্টি করতে হবে পুলিস ইডি সিবিআই কেও। ৪ মার্চ ফের শুনানি। এরপরই প্রতিক্রিয়া জানিয়েছে তৃণমূল কংগ্রেস। শাহজাহানকে গ্রেফতার করার কথা বলেছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তারপই বিষয়টি আদালতে তোলা হয়েছে। এজন্য কলকাতা

এরপর ৩ পাতায়







## আবারও সুন্দরবনে

# বাঘের হানায় মৃত মৎস্যজীবী



**নুরসেলিম লস্কর , ঝড়খালী : নিউজ সারাদিন :** জলে কুমির আর ডাঙায় বাঘের সঙ্গে লড়াই করে জীবিকা নির্বাহ করতে হয় সুন্দরবনের বাসিন্দাদের। আর এই অসম লড়াইয়ের ফলে দিনের পর দিন বেড়েই চলেছে সুন্দরবনে বাঘের হানায় মৃতের সংখ্যা। আর সেই তালিকায় আবারো একজনের নাম সংযোজন হলো রবিবার। দক্ষিণ ২৪ পরগনা জেলার ঝড়খালির একেজি ব্লকের বাসিন্দা হরিপদ দাসের (৪৮) । গত ২২ ফেব্রুয়ারী ঝড়খালি থেকে হরিপদ দাস তার দুই সঙ্গী ভাই দুর্গাপদ দাস ও চন্দন মাহাতোকে সাথে নিয়ে কাঁকড়া ধরতে বেরিয়েছিলেন গাজীখালির জঙ্গলে। কাঁকড়া ধরার সময় গাজীখালির বিপজ্জনক খাঁড়ির মধ্যে প্রবেশ করেন তারা । আর এতেই ঘটে গেল বড়োসড়ো বিপত্তি। তাদের কাঁকড়া ধরার নির্দিষ্ট দিন শেষ হয়ে যাওয়ার পরে ২৫ ফেব্রুয়ারী বিকাল চারটা নাগাদ বিপদজনক খাঁড়ি থেকে বেরিয়ে আসছিলেন হরিপদরা । সেই সময় হঠাৎ তাদের নৌকার উপর বাঘের আক্রমণ। বাঘ হরিপদ দাসকে আক্রমণ করেন। তাকে বাঁচাতে তার ভাই দুর্গাপদ দাস ঝাঁপিয়ে পড়ে বাঘের সাথে লড়াই করতে থাকেন । সেই সাথে তাদের আরেকজন সঙ্গী চন্দন সরকার সেও মরিয়া চেষ্টা চালায় হরিপদ দাসকে বাঁচানোর জন্য। কিন্তু বাঘের আক্রমণে ততক্ষনে হরিপদ দাসের মৃত্যু ঘটে। অবশেষে বাঘের মুখ থেকে হরিপদ দাসের দেহটি ফিরিয়ে আনতে পেরেছেন সঙ্গীরা। দাদার মৃত্যুতে ভাই দুর্গাপদ দাস দিশেহারা হয়ে পরেন। ঘটনাস্থল থেকে প্রতিবেশী চন্দন মাহাতো কোন রকম ভাবে দুজনকে নৌকায় করে ২৬ ফেব্রুয়ারী ভোর রাতে ঝড়খালীতে পৌঁছায়। এই খবর তাদের পরিবার ও গ্রামের মধ্যে ছড়িয়ে পড়তেই এলাকায় শোকের ছায়া নেমে পড়ে। হরিপদ দাসের স্ত্রী বিশাখা দাস ও তার ১৭ বছরের ছেলে আকাশ দাস কান্নায় ভেঙে পরেন। উদ্ধার হওয়া দেহটি পুলিশ ময়না তদন্তের জন্য পাঠিয়েছেন ও এই পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

## শাহজাহানের চিংড়ি 'প্রীতি',

# বড় কেলেঙ্কারির গন্ধ ইডির নাকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শেখ শাহজাহানকে সামনে রেখে এই মুহূর্তে অগ্নিগর্ভ সন্দেশখালি। তাঁর গ্রেফতারির দাবিতে যখন সরব সেখানকার মহিলারা, তখন ইডির স্ক্যানারে শাহজাহান ঘনিষ্ঠ ব্যবসায়ী। মূলত চিংড়ি মাছের আমদানি রফতানি ব্যবসা ওই ব্যবসায়ীর। সোমবার ইডি দফতরে তলব করা হয়েছিল ব্যবসায়ী অরুণ সেনগুপ্তকে। বয়সের কারণে তিনি আসতে পারেননি।ইডি সূত্রে খবর, কয়েক মাস আগে ন্যাজাট থানায় শেখ শাহজাহানের নামে আমদানি-রফতানি সংক্রান্ত একটি অভিযোগ দায়ের হয়। তার পরিপ্রেক্ষিতে ইসিআইআর করে ইডি একাধিক শাহজাহান-ঘনিষ্ঠের বাড়িতে অভিযান চালায়। এরকমই একজন অরুণ সেনগুপ্তও। অরুণের সংস্থা মূলত চিংড়ি মাছের আমদানি-রফতানিতে যুক্ত। শুক্রবার অরুণ সেনগুপ্তর বিরাটির বাড়িতে তল্লাশি চালায় ইডি। এরপরই সোমবার তাঁকে ইডি দফতরে হাজিরার নির্দেশ দেওয়া হয়। সেই মতো সোমবার বেলা ১১টা ২০ নাগাদ অরুণ সেনগুপ্তের মেয়ে ও আইনজীবী ইডি দফতরে এসে পৌঁছন।বদলে কাগজপত্র নিয়ে হাজির হন তাঁর মেয়ে। সোমবার প্রায় ২ ঘণ্টার বেশি সময় ইডি দফতরে ছিলেন অরুণ-কন্যা। সূত্রের খবর, লেনদেন সংক্রান্ত বিষয়ক তথ্য ইডি দফতরে দিয়েছেন তিনি।

বিরাটির মাছ ব্যবসায়ী অরুণ সেনগুপ্ত। আগেই তাঁর বাড়িতে হানা দিয়েছিল ইডি। বছর সত্তরের ওই ব্যবসায়ীর একাধিক জায়গায় মাছের ভেড়ি, ফিশ প্রসেসিং ইউনিট রয়েছে বলে খবর। আমদানি রফতানি সংক্রান্ত তাঁর একটি সংস্থাও রয়েছে, অরুণই তাঁর ডিরেক্টর বলে খবর। তবে বয়সের কারণে এখন খুব একটা ব্যবসায় সময় দিতে পারেন না তিনি।

# দীর্ঘদিনের দাবি পাকা রাস্তা হওয়াই খুশি এলাকাবাসী



**রতুয়া, মালদা : নিউজ সারাদিন :** লোকসভা ভোটের প্রাক্কালে দীর্ঘদিনের দাবি পূরণ হল মালদহের রতুয়া ১নং ব্লকের দশটি গ্রামের বাসিন্দাদের। দাবি পূরণ হওয়ায় খুশির হাওয়া এলাকায়। লাগাতার খবরের জেরে কাচা রাস্তা কংক্রিটের পাকা হচ্ছে রতুয়া ১ নং ব্লকের দেবীপুর অঞ্চলে।

সোমবার মহা সাড়ম্বরে কাজের শিলান্যাস অনুষ্ঠান করা হয়।ফিতে কেটে ও নারকেল ফাটিয়ে কাজের শিলান্যাস করেন মালদহ জেলাপরিষদের সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ।উপস্থিত ছিলেন রতুয়ার বিধায়ক সমর মুখোপাধ্যায়, মালদহ জেলাপরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ ফজলুল হক ও মৎস্য ও প্রানী সম্পদের কর্মাধ্যক্ষ রিয়াজুল করিম বক্সি সহ অন্যান্যরা। মূলত ওই কাজটির রুপায়নের দায়িত্বে রয়েছে মালদহ জেলাপরিষদ। জেলাপরিষদ সূত্রে জানা গিয়েছে, দেবীপুর গ্রাম পঞ্চায়েতের বালুপুর থেকে বাহিরকাপ পর্যন্ত দেড় কিমি কাচা রাস্তা কংক্রিটের পাকা করা হবে।রাজ্য সরকারের গ্রামোন্নয়ন অর্থ দপ্তরের তহবিল থেকে বরাদ্দ হয়েছে প্রায় ৫৫ লক্ষ টাকা।পাকা রাস্তা হওয়ার ফলে ১০ টি গ্রামের প্রায় ৩০ হাজার মানুষ উপকৃত হবে।

এক বাসিন্দা বলেন, গ্রীষ্ম হোক বা বর্ষা সারাবছরই এই রাস্তায় চলাচল করতে দুর্ভোগ পোহাতে হত।বর্ষাকালে পায়ে হেঁটে চলাও দায় হয়ে দাড়িয়েছিল। একাধিক বার আন্দোলনেও নামা হয়েছিল। এমনকি বেহাল রাস্তা নিয়ে লাগাতার খবর সম্প্রচারিত হয়।

এলাকার জনপ্রতিনিধিরা পাকা রাস্তার প্রতিশ্রুতি দিয়েছিলেন। তা বাস্তবায়িত হওয়ায় আমরা ভীষণভাবে খুশি।

# ঝোপঝাড়ে পড়ে রাশি রাশি ভোটার কার্ড আর ছেঁড়া নথি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জঙ্গলে ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে প্রচুর ভোটার কার্ড! শুধু তা-ই নয়, মিলেছে ভোট সংক্রান্ত ছেঁড়া নথিপত্রও। এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে নদিয়ার চাকদহে। জঙ্গলে এ ভাবে ভোটার কার্ড পড়ে থাকতে দেখে স্থানীয়েরা পুলিশে খবর দেন। পুলিশ এসে সেগুলি

এরপর ৩ পাতায়









## নিখোঁজ নাবালিকা উদ্ধার হওয়ার পরেও

# আত্মহত্যার পথ বেছে নিল নিজ বাড়িতে




**রতুয়া, মালদা : নিউজ সারাদিন :** ঘর থেকে এক নাবালিকার ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ালো মালদার পুখুরিয়া থানার অন্তর্গত সম্বলপুর অঞ্চলের কদমতলী গ্রামে। ১৫ বছর বয়সের সেই নাবালিকা স্থানীয় উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী। কি কারণে তার এই আত্মহত্যা তা নিয়ে আতঙ্কিত সকলেই। ঘটনাটি নিয়ে রীতিমতো তদন্ত শুরু করেছে পুকুরিয়া থানার পুলিশ।

জানা গেছে মৃত ওই নাবালিকার নাম জেসমিন খাতুন। বয়স ১৫ বছর।রবিবার নিজ ঘর থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। তারপর পরিবারের সদস্যরা হাসপাতালে নিয়ে আসলে মৃত্যু নিশ্চিত করে চিকিৎসকরা। এরপর দেহ হেফাজতে নেই পুখুরিয়া থানার পুলিশ এবং সোমবার ময়নাতদন্তের জন্য পাঠানো হয়।

পুলিশ ও আত্মীয় পরিজন সূত্রে জানা গেছে, ওই নাবালিকা গত প্রায় ২ মাস আগে বাড়ি থেকে চলে যায়। ঘটনায় সে সময় পুলিশের কাছে নিখোঁজের অভিযোগ দেয় পরিবারের সদস্যরা। অভিযোগের ভিত্তিতে পুলিশ ব্যাঙ্গালোর থেকে এই নাবালিকা কে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দেয়। রবিবার বাড়ির সদস্যদের সাথে দুপুরে খাওয়া-দাওয়ার পর সবকিছু সাধারণ ভাবে ছিল ওই নাবালিকা। কিন্তু হঠাৎ করে ওই নাবালিকার ঝুলন্ত দেহ ঘরের মধ্যে ঝুলতে দেখেন পরিবারের সদস্যরা। তারপর উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসলে মৃত্যু নিশ্চিত করে চিকিৎসকরা। এদিকে গোটা ঘটনাই পুলিশ দেহ উদ্ধার করে নিজের হেফাজতে নিয়ে ময়না তদন্তে পাঠানোর পাশাপাশি কি কারনে ওই নাবালিকার আত্মহত্যা গোটা বিষয় নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## অমৃত ভারত স্টেশনের

# ভার্চুয়াল সিল্যানাস করলেন প্রধানমন্ত্রী



**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর, মালদা: নিউজ সারাদিন :** উত্তর মালদার হরিশ্চন্দ্রপুর আজ অমৃত ভারত স্টেশনের অন্তর্ভুক্ত হলো। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে উদ্যোগে আজ যথাক্রমে কুমেদপুর হরিশ্চন্দ্রপুর ভালুকা ও কোর্ট মালদা স্টেশনের অমৃত ভারত প্রকল্পের মাধ্যমে পরিকাঠামো উন্নয়ন এর সূচনা করা হয়। এদিন এই প্রকল্প ভার্চুয়ালি উদ্বোধনে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি । উত্তর মালদার চারটি স্টেশন বাদেও সারাদেশে মোট ৫৫৪ টি রেল স্টেশন কে অমৃত প্রকল্পে উন্নীত করা হয়।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরমালদা সংসদ খগেন মুর্মু, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে এ ডি এ আর এম বিজয় কুমার চৌধুরী, হরিশ্চন্দ্রপুর রেলস্টেশন ম্যানেজার রাজেন্দ্র প্রসাদ রাম সহ আরো অন্যান্য আধিকারিকরা।

এডিএআরএম বিজয় কুমার চৌধুরী জানান অমৃত ভারত প্রকল্পের মাধ্যমে স্টেশনের পরিকাঠামগত উন্নয়ন করা হবে এবং যাত্রী সাধারনকে প্রভূত সুবিধার প্রদান করা হবে।উত্তর মালদা সাংসদ খগেন মুর্মু জানান আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সারাদেশে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে অমৃত ভরত প্রকল্প তারই অন্তর্গত।

## সন্দেশখালির মহিলাদের নিয়ে

# বিতর্কিত মন্তব্য টি এম সির নেতার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালিতে পথে নেমেছে মহিলারা। কারোর হাতে লাঠি। কারোর হাতে ঝাঁটা। ক্ষোভ উগরে দিয়েছেন তৃণমূল নেতাদের বিরুদ্ধে। এই আবহের মধ্যেই মহিলাদের নিয়ে বেফাঁস মন্তব্য করলেন ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা। তাঁর দাবি, কলকাতা থেকে টাকার বিনিময়ে লোক ভাড়া করে নিয়ে যাওয়া হচেছ সন্দেশখালিতে।বিজেপি জেলা সাধারণ সম্পাদক বিকাশ সর্দার বলেন, "এই মন্তব্যের উত্তর দিতে আমাদের ভাবতে হচ্ছে। উনি একজন দুষ্কৃতী। ২০২১ নির্বাচনের পর ওনার নেতৃত্বাধীন দুষ্কৃতী বাহিনী ভাঙড়ে অকথ্য অত্যাচার চালিয়েছে। বিজেপি কর্মীদের ভাঙচুর করেছে। এখন এই সব মন্তব্য করে আন্দোলনের মোড় ঘোরাতে চাইছেন। ওনার বক্তব্যে আমরা লজ্জিত। আমরা চাই শওকতের বিরুদ্ধে ইডি-সিবিআই তদন্ত করে।"

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# স্বপ্নের জঙ্গলমহলের জন্যে আবার নতুন ভাবনা মুখ্যমন্ত্রীর

হয়েছিল।জানা গিয়েছে, মোট ৩০ কোটি অর্থ ব্যয়ে রাস্তা গুলি করবে জেলা পরিষদ। উল্লেখ্য গত বছর ঝাড়গ্রাম জেলা জুড়ে পথশ্রী প্রকল্পে জেলার আটটি ব্লকে মোট রাস্তা হয়েছিল ১৫৮ টি। এর জন্য খরচ হয়েছিল প্রায় চুরানব্বই কোটি টাকা। এরপরও ঝাড়গ্রামের বেলপাহাড়ি সহ বিভিন্ন ব্লক থেকে অভিযোগ গিয়েছিল। চল্লিশটি রাস্তার মধ্যে বিনপুর দুই ব্লক তথা বেলপাহাড়ি থেকে মোট ২১ একুশটি রাস্তা 'পথশ্রীর' জন্য জেলায় পাঠানো হয়েছে। এই ব্লকের দশটি গ্রাম পঞ্চায়েত রয়েছে। এছাড়াও ঝাড় গ্রামের গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকে ২০২৪ সালে মোট চারটি রাস্তার জন্য অর্থ বরাদ্দ হয়েছে। পাশাপাশি ঝাড়গ্রাম জেলা জুড়ে ঝা চকচকে রাস্তা পেয়েছে সাধারণ মানুষ। হলে খুশি সাধারণ মানুষ। প্রতিটি গ্রাম পঞ্চায়েত থেকে দুটি করে রাস্তা কেবল সন্ধ্যাপাড়া গ্রাম পঞ্চায়েতের তিনটি রাস্তার জন্য জেলায় পাঠানো হয়েছে।এর মধ্যে উল্লেখযোগ্য হল ঝাড়গ্রামের অন্যতম পর্যটন কেন্দ্র খাঁদারানি পর্যটন স্থল যাওয়ার প্রায় সাড়ে তিন কিমি রাস্তা। এই রাস্তটির দাবি দীর্ঘ দিনের। মাটির ভাঙাচোরা এই রাস্তা ধরে নিত্যদিন গ্রামবাসীদের অনেক কষ্ট করেই ব্লক সদর বেলপাহাড়িতে আসতে হয়। ফলে খুশি স্থানীয় মানুষ। এছাড়া ভেলাইডিহা গ্রামপঞ্চায়েতের অন্তর্গত একটি আদিবাসী অধ্যুষিত গ্রাম জেল্লাংডি। এই জঙ্গল ঘেরা এই গ্রামে ১৫ থেকে ২০ ঘর মানুষের বাস। কিন্তু এই গ্রামে ঢোকা বা বের হওয়ার কোন রাস্তা ছিল না। এবার পথশ্রী প্রকল্পে নিশ্চিন্তপুর থেকে জেল্লাংডি গ্রামের প্রায় তিন কিমি রাস্তা পথশ্রী প্রকল্পে পাকা করার জন্য জেলায় প্রস্তাব পাঠানো হয়েছে।

১-ম পাতার পর

# সাত দিনেই গ্রেফতার হবে শাহজাহান দাবী তৃণমূলের

হাইকোর্টকে ধন্যবাদ।

সাংবাদিক সম্মেলনে কুণাল ঘোষ বলেন, স্পষ্ট ভাষায় অভিষেক বিষয়টি সামনে এনেছিল বলেই কোর্ট আজ একথা বলল। রাজ্য পুলিস যা নথিভূক্ত করা হয়েছিল তাতে স্টে অর্ডার ছিল। আজ হাইকোর্ট জানিয়েছে, কোনও স্থগিতাদেশ নেই। আগে আদালত হাত-পা বেঁধে দিয়েছিল। এবার রাজ্যপুলিস নিজের কাজ করবে। হাইকোর্ট সেই জট খুলে দেওয়ায় ধন্যবাদ।

১-ম পাতার পর

# সন্দেশখালিতে যাদের জমি জোর করে নিয়েছে শাহজাহানরা, ফেরত দিতে শুরু করল সরকার

দখল করে সেখানে মাছের ভেরি বানানো হয়েছে।

গত ১৮ ফেব্রুয়ারি থেকে সন্দেশখালির বিভিন্ন অঞ্চলে 'দুয়ারে সরকার' শিবির চালু করে অভিযোগ নিতে শুরু করে। তার পর সেই ক্যাম্পে যে সব জমি দখলের অভিযোগ জমা পড়ে তা খতিয়ে দেখতে শুরু করে ভূমি ও ভূমি রাজস্ব দফতর। যুদ্ধকালীন ততপরতায় ল্যান্ড রেকর্ড চেক করে মালিকানা ফেরত দেওয়ার কাজ শুরু করে দিয়েছে রাজ্য সরকার।

ভূমি ও ভূমি রাজস্ব দফতর সূত্রে বলা হচ্ছে, দারিরজঙ্গল মৌজায় ২৮ জনের জমির মালিকানা ২২ ফেব্রুয়ারি ফেরত দেওয়া হয়েছে। যাঁদের জমির মালিকানা ফেরত দেওয়া হয়েছে তাঁরা হলেন অনীতা দাস, উর্মিলা দাস, মিন্টু নায়েক, পুলিন দাস, সত্যচরণ নায়েক, সন্তোষ কান্দার প্রমুখ।

পর দিন ২৩ ফেব্রুয়ারি আরও ১৩ জনকে জমির মালিকানা ফেরত দেওয়া হয়েছে। শনিবার ২৪ ফেব্রুয়ারি মালিকানা ফেরত দেওয়া হয়েছে ২৪ জনের।

পর্যবেক্ষকদের মতে, কৌশলগত ভাবেই সন্দেশখালির আগুন নেভানোর চেষ্টা করছে সরকার। এলাকার মানুষের সঙ্গে আস্থার সম্পর্ক গড়ে তুলতে একদিকে যেমন জমি ফেরত দেওয়ার কাজ শুরু হয়েছে, তেমনই এবার শেখ শাহজাহান, শেখ সিরাজউদ্দিনদের গ্রেফতার করার ততপরতাও শুরু হয়েছে। রবিবার রাতে অজিত মাইতিকে আটক করেছে সন্দেশখালি থানার পুলিশ। সোমবার তাকে গ্রেফতার করা হয়েছে। এদিন শাসক দল পষ্টাপষ্টি জানিয়ে দিয়েছে, ৭ দিনের মধ্যে শেখ শাহজাহানকে গ্রেফতার করবে পুলিশ। অর্থাত যাদের বিরুদ্ধে জমি দখলের অভিযোগ রয়েছে, তাদের গ্রেফতার করে অসন্তোষ হাওয়া বের করে দেওয়ার চেষ্টা শুরু হয়েছে।

২ পাতার পর

# সন্দেশখালির মহিলাদের নিয়ে বিতর্কিত মন্তব্য টি এম সির নেতার

অপরদিকে, আইএসএফ জেলা পরিষদ সদস্য বলেন,"আজ তৃণমূল নেতারা জেলে যাচ্ছেন। কালকে তো ছাড়া পাবেন। তখন কী হবে? প্রাণের ভয়েই মহিলারা ঘোমাটা দিচ্ছেন। আর সিগারেট খাওয়া একান্ত ব্যক্তিগত ব্যাপার। "তাঁরা প্রথমে ঘোমটা দিয়ে কথা বললেও পরে নাকি সিগারেট খাচ্ছেন। আর শওকতেই এই মন্তব্যের পরই উঠছে সমালোচনার ঝড়। যেখানে সন্দেশখালিতে মহিলারা শারীরিক নিগ্রহ, শ্লীলতাহানি, জমি দখল, লুট সহ ভূরি-ভূরি অভিযোগ করে পথে নামছেন। সেই সময় তাঁদের উদ্দেশ্যেই এই ধরনের মন্তব্য করায় বিরোধীদের তোপের মুখে ক্যানিং পূর্বের বিধায়ক। ভাঙড়ের শানপুকুর অঞ্চলে তৃণমূলের একটি সভা ছিল। সেই সভা থেকে শওকত বললেন, "সন্দেশখালি নিয়ে যে খবর প্রকাশিত হচ্ছে তার ৯০ শতাংশ মিথ্যা। এটা আমি শপথ করে বলতে পারি।" তৃণমূল নেতার আরও দাবি, কলকাতা থেকে নাকি লোক ভাড়া করে নিয়ে যাওয়া হচ্ছে সন্দেশখালিতে। তিনি বলেন,"পাঁচ হাজার, দশ হাজার, কুড়ি হাজার টাকা দিয়ে লোক ভাড়া করা হচ্ছে।" এরপরও থেমে থাকেননি বিধায়ক। আরও বললেন, "এদের কেউ ঘোমটা দিয়ে কথা বলছেন। পরবর্তীকালে দেখা যাচ্ছে এরাই সিগারেট খাচ্ছে।" এর পিছনে সিপিএম ও বিজেপি-র হাত রয়েছেন বলেও মন্তব্য করেছেন তৃণমূল বিধায়ক। তাঁর কথায়, "এত দিন ওই এলাকায় এমন ঘটনা ঘটছে। কেউ ফোনে একটাও ছবি তোলেনি? আসলে সিপিএম ও বিজেপি উস্কানি দিচ্ছেন।" বস্তুত, এর আগে সন্দেশখালির মহিলাদের 'বহিরাগত' বলে মন্তব্য করতে শোনা গিয়েছিল খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। তা নিয়েও যথেষ্ঠ কাঠখড় পোহাতে হয়েছিল তৃণমূল নেতাদের। মহিলারা রাজ্যের দুই মন্ত্রী পার্থ ভৌমিক ও সুজিত বসুকে প্রশ্ন করেছিলেন, কেন দিদি তাঁদের বহিরাগত বলেছেন। এই রেশের মধ্যেই ফের বেফাঁস মন্তবয় করে দলকে অস্বস্তিতে ফেললেন শওকত।

# প্রধানমন্ত্রী ২৭-২৮ ফেব্রুয়ারি কেরল, তামিলনাড়ু এবং মহারাষ্ট্র সফর করবেন

**নতুন দিল্লি, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৭-২৮ ফেব্রুয়ারি কেরল, তামিলনাড়ু এবং মহারাষ্ট্র সফর করবেন।

২৭ ফেব্রুয়ারি সকাল ১০ টা ৪৫ মিনিট নাগাদ প্রধানমন্ত্রী কেরলের তিরুবনন্তপুরমের বিক্রম সারাভাই স্পেস সেন্টার (ভিএসএসসি) সফর করবেন। বিকেল ৫ টা ১৫ নাগাদ প্রধানমন্ত্রী তামিলনাড়ুর মাদুরাই-তে 'ক্রিয়েটিং দ্য ফিউচার- ডিজিটাল মোবিলিটি ফর অটোমোটিভ (এমএসএমই) এন্টারপ্রেনার্স' অনুষ্ঠানে অংশ নেবেন।

২৮ ফেব্রুয়ারি সকাল ৯ টা ৪৫ মিনিট নাগাদ প্রধানমন্ত্রী তামিলনাড়ুর থুতুকুড়িতে প্রায় ১৭ হাজার ৩০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। বিকেল সাড়ে ৪ টে নাগাদ প্রধানমন্ত্রী মহারাষ্ট্রের যাবতমালে একটি অনুষ্ঠানে যোগ দেবেন এবং ৪৯০০ কোটি টাকার বেশি মূল্যের উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। তিনি এই অনুষ্ঠানে পিএম কিষাণ এবং অন্য কর্মসূচীর সুবিধা প্রদান করবেন।

কেরলে প্রধানমন্ত্রী

দেশের মহাকাশ ক্ষেত্রে পূর্ণ সম্ভাবনার সদব্যবহার করতে প্রধানমন্ত্রীর সংস্কারের ভাবনা এবং এই ক্ষেত্রে কারিগরি এবং গবেষণা ও উন্নয়ন বৃদ্ধিতে তাঁর সংকল্প আরও গতি পাবে তিরুবনন্তপুরমে বিক্রম সারাভাই স্পেস সেন্টারে তাঁর সফরকালের ৩ টি গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পে উদ্বোধনের মাধ্যমে। এই প্রকল্পগুলির মধ্যে আছে শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টারে পিএসএলভি ইন্টিগ্রেশান ফেসিলিটি ; মহেন্দ্রগিরিতে ইসরো প্রোপালশন কমপ্লেক্সে নতুন "সেমি-ক্রায়োজেনিক্স ইন্টিগ্রেটেড ইঞ্জিন অ্যান্ড স্টেজ টেস্ট ফেসিলিটি" ; এবং তিরুবনন্তপুরমে ভিএসএসসি-তে "ট্রাইসোনিক উইন্ড টানেল"। মহাকাশ ক্ষেত্রের জন্য বিশ্বমানের কারিগরি সুবিধাযুক্ত এই ৩ টি প্রকল্প তৈরি করা হয়েছে প্রায় ১৮০০ কোটি টাকার পৌনঃপুনিক খরচে। শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টারে পিএসএলভি ইন্টিগ্রেশন ফেসিলিটি প্রতি বছর পিএসএলভি উৎক্ষেপণের সংখ্যা ৬ থেকে ১৫ করতে সাহায্য করবে। অত্যাধুনিক প্রযুক্তি এসএসএলভি এবং বেসরকারি মহাকাশ সংস্থা তৈরির ছোট ছোট মহাকাশ যান উৎক্ষেপণেও সাহায্য করবে।

মহেন্দ্রগিরির আইপিআরসি-তে নতুন "সেমি-ক্রায়োজেনিক্স ইন্টিগ্রেটেড ইঞ্জিন অ্যান্ড স্টেজ টেস্ট ফেসিলিটি" সেমি-ক্রায়োজেনিক ইঞ্জিন তৈরি করতে সাহায্য করবে এবং বর্তমান উৎক্ষেপণযানের ভারবহনের ক্ষমতা বাড়াবে। এখানে তরল অক্সিজেন এবং কেরোসিন সরবরাহের ব্যবস্থা আছে ২০০ টন পর্যন্ত ধাক্কা দিয়ে ইঞ্জিনের পরীক্ষা করার জন্য। আবহমণ্ডলে উড়ানের সময় রকেট এবং বিমানের বৈশিষ্ট্যের জন্য এয়ারোডায়নামিক পরীক্ষা করতে উইন্ড টানেল জরুরী। ভিএসএসসি-তে "ট্রাইসনিক উইন্ড টানেল"-টির কলাকৌশল অত্যন্ত জটিল যা ভবিষ্যতে আমাদের কারিগরি উন্নয়নের প্রয়োজনীয়তা মেটাবে।

সফরকালে প্রধানমন্ত্রী গগনযান মিশনের অগ্রগতি পর্যালোচনা করবেন এবং নির্বাচিত মহাকাশচারীদের "অ্যাস্ট্রোনট উইঙ্গ" প্রদান করবেন। গগনযান অভিযান ভারতে প্রথম মানব মহাকাশচারী পাঠানোর কর্মসূচী যার জন্য একাধিক ইসরো কেন্দ্রে প্রস্তুতি এখন তুঙ্গে।

তামিলনাড়ুতে প্রধানমন্ত্রী

মাদুরাইতে প্রধানমন্ত্রী 'ক্রিয়েটিং দ্য ফিউচার- ডিজিটাল মোবিলিটি ফর অটোমোটিভ (এমএসএমই) এন্টারপ্রেনার্স' অনুষ্ঠানে অংশ নেবেন এবং গাড়ি শিল্পের সঙ্গে যুক্ত কয়েক হাজার অণু, ক্ষুদ্র এবং মাঝারি শিল্পপতিদের উদ্দেশে ভাষণ দেবেন। ভারতে গাড়ি শিল্পে এমএসএমই-দের সাহায্য করতে এবং তুলে ধরতে প্রধানমন্ত্রী ২টি বড় উদ্যোগেরও সূচনা করবেন। এর মধ্যে আছে টিভিএস ওপেন মোবিলিটি প্ল্যাটফর্ম, টিভিএস মোবিলিটি সিআইআই- সেন্টার অফ এক্সেলেনস। দেশের এমএসএমই-দের উন্নয়নে সাহায্য করতে প্রধানমন্ত্রীর স্বপ্নপূরণ এবং আনুষ্ঠানিক কাজকর্ম চালু, আন্তর্জাতিক মূল্য শৃঙ্খলের সঙ্গে সংযুক্তি এবং আত্মনির্ভর হয়ে উঠতে সাহায্য করার জন্য এই উদ্যোগগুলি একটি পদক্ষেপ। প্রধানমন্ত্রী থুতুকুড়িতে একটি জনসভায় ভিও চিদাম্বরনর বন্দরে একটি আউটার হারবার কন্টেনার টার্মিনালের শিলান্যাস করবেন। পূর্ব উপকূলের জন্য ভিও চিদাম্বরনর বন্দরকে ট্রান্সশিপমেন্ট হাব হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই কন্টেনার টার্মিনাল নির্মাণ একটি পদক্ষেপ। এই প্রকল্পের লক্ষ্য ভারতের সুদীর্ঘ উপকূল এবং সহায়ক ভৌগোলিক অঞ্চলকে তুলে ধরা এবং আন্তর্জাতিক বাণিজ্য ক্ষেত্রে ভারতের প্রতিযোগিতা মুখিনতা বৃদ্ধি করা। এই বড় পরিকাঠামো প্রকল্পটি কর্মসংস্থান তৈরি করবে এবং এই অঞ্চলের অর্থনৈতিক বৃদ্ধি ঘটাবে। দেশের প্রথম গ্রীন হাইড্রোজেন বন্দর হিসেবে ভিও চিদাম্বরনর পোর্টকে গড়ে তুলতে অন্যান্য একাধিক প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। এই প্রকল্পগুলির মধ্যে আছে নোনতা জল পরিশোধন কেন্দ্র, হাইড্রোজেন উৎপাদন এবং সংরক্ষণ কেন্দ্র। প্রধানমন্ত্রী হরিত নৌকা উদ্যোগের অধীনে ভারতের প্রথম দেশীয় প্রযুক্তিতে তৈরি গ্রীন হাইড্রোজেন ফুয়েল সেল ইনল্যান্ড ওয়াটারওয়ে এই জাহাজের সূচনা করবেন। এই জাহাজটি তৈরি করা হয়েছে কোচিন শিপইয়ার্ডে এবং এটা পরিচ্ছন্ন শক্তি এবং দেশের শূন্য কার্বন নিঃসরণের দায়বদ্ধতার লক্ষ্যে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। প্রধানমন্ত্রী তাঁর অনুষ্ঠানে ১০ টি রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের ৭৫ টি লাইট হাউসে পর্যটন ব্যবস্থা জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। প্রধানমন্ত্রী তামিলনাড়ুর ৪ টি সড়ক প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এগুলি তৈরি হয়েছে প্রায় ৪,৫৮৬ কোটি টাকা খরচে। এই প্রকল্পগুলির মধ্যে আছে ৮৪৪ নম্বর জাতীয় সড়কে জিত্তনদহল্লি-ধর্মপুরী শাখাকে চার লেন করা ; ৮১ নম্বর জাতীয় সড়কের মীনসুরত্তী- চিদাম্বরন শাখাকে দু-লেন করা এবং ৮৩ নম্বর জাতীয় সড়কে নাগাপাত্তিনমু তাঞ্জাভুর শাখাকে দু-লেন করা। এই প্রকল্পগুলির লক্ষ্য যোগাযোগের উন্নতি করা, যাতায়াতের সময় কমানো, আর্থ সামাজিক বৃদ্ধি এবং এই অঞ্চলের তীর্থ যাত্রার সুবিধা করা।

মহারাষ্ট্রে প্রধানমন্ত্রী

আরও একটি পদক্ষেপ যার থেকে বোঝা যাবে কৃষক কল্যাণে প্রধানমন্ত্রীর দায়বদ্ধতা। যাবতমালে একটি জনসভায় প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি (পিএম কিষাণ)-তে ২১ হাজার কোটি টাকার বেশি ষোড়শ কিস্তিটি প্রদান করবেন সুবিধা প্রাপকদের প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে। এই নিয়ে ৩ লক্ষ কোটি টাকার বেশি হস্তান্তরিত করা হবে ১১ কোটির বেশি কৃষক পরিবারকে।

প্রধানমন্ত্রী প্রায় ৩,৮০০ কোটি টাকার "নমো শ্বেতকারী মহাসম্মাননিধি"-র দ্বিতীয় এবং তৃতীয় কিস্তিও প্রদান করবেন। এতে উপকৃত হবেন মহারাষ্ট্রের প্রায় ৮৮ লক্ষ কৃষক। এই কর্মসূচীতে মহারাষ্ট্রের প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি যোজনার সুবিধা প্রাপকদের প্রতিবছর অতিরিক্ত ৬ হাজার টাকা দেওয়া হবে।

প্রধানমন্ত্রী মহারাষ্ট্রের ৫.৫ লক্ষ মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে ৮২৫ কোটি টাকা দেবেন। এটি ভারত সরকারের গ্রামীণ জীবন-জীবিকা মিশনের অধীনে রিভলভিং ফান্ডের অতিরিক্ত। গ্রামস্তরে মহিলা পরিচালিত অণুসংস্থাগুলির প্রসার ঘটিয়ে দরিদ্র পরিবারের বার্ষিক উপার্জন বৃদ্ধি এবং স্বনির্ভর গোষ্ঠীগুলির মধ্যে ঘুরিয়ে ফিরিয়ে ঋণদানে উৎসাহ দিতে রিভলভিং ফান্ড দেওয়া হয়। প্রধানমন্ত্রীর মহারাষ্ট্রের জন্য এক কোটি আয়ুষ্মান কার্ড বিতরণের সূচনা করবেন। সমস্ত সরকারি কর্মসূচীর ১০০ শতাংশ উপযোগ করতে প্রধানমন্ত্রীর স্বপ্নপূরণে সুবিধা প্রাপকদের কল্যাণমূলক কর্মসূচীগুলির সুবিধাদানের অঙ্গ হিসেবে এটি আরও একটি পদক্ষেপ।

প্রধানমন্ত্রী মহারাষ্ট্রে অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণির সুবিধাপ্রাপকদের জন্য মোদী আবাস ঘরকুল যোজনার সূচনা করবেন। এই কর্মসূচীতে ২০২৩-২৪ থেকে ২০২৫-২৬ অর্থ বছরের মধ্যে ১০ লক্ষ বাড়ি তৈরি করা হবে। প্রধানমন্ত্রী এই যোজনায় ২.৫ লক্ষ সুবিধাপ্রাপকদের প্রথম কিস্তির ৩৭৫ কোটি টাকা দেবেন।

প্রধানমন্ত্রী মহারাষ্ট্রের মারাঠাওয়াড়া এবং বিদর্ভ অঞ্চলের সুবিধার জন্য একাধিক সেচ প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এই প্রকল্পগুলি তৈরি করতে ২,৭৫০ কোটি চাকার বেশি খরচ করা হয়েছে প্রধানমন্ত্রী কৃষি সিচাই যোজনা (পিএমকেএসওয়াই) এবং বলিরাজা জল সঞ্জীবনী যোজনা (বিজেএসওয়াই)-র অধীনে।

প্রধানমন্ত্রী মহারাষ্ট্রে ১৩০০ কোটি টাকার বেশি অর্থ মূল্যের রেল প্রকল্পেরও উদ্বোধন করবেন। এর মধ্যে আছে ওয়ার্ধা-কলম্ব ব্রডগেজ লাইন এবং নতুন অস্তি-অমলনের ব্রডগেজ লাইন। এই নতুন ব্রডগেজ লাইন বিদর্ভ এবং মারাঠাওয়াড়া অঞ্চলে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করবে এবং আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাবে। প্রধানমন্ত্রী ২ টি ট্রেন পরিষেবারও সূচনা করবেন। এই ২ টি ট্রেন পরিষেবার ফলে রেল যোগাযোগ বৃদ্ধির পাশাপাশি সুবিধা হবে ছাত্রছাত্রী, ব্যবসায়ী এবং নিত্যযাত্রীদের। মহারাষ্ট্রের সড়কের উন্নতিতে প্রধানমন্ত্রী একাধিক প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এই প্রকল্পগুলির ফলে যোগাযোগ ব্যবস্থার বৃদ্ধি হবে, যাতায়াতের সময় কমবে এবং আর্থসামাজিক উন্নয়ন ঘটবে। প্রধানমন্ত্রী যাবতমাল শহরে পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের মূর্তিরও আবরণ উন্মোচন করবেন।

২ পাতার পর

# ঝোপঝাড়ে পড়ে রাশি রাশি ভোটার কার্ড আর ছেঁড়া নথি

উদ্ধার করে।পুলিশ সূত্রে খবর, বাড়িটি ইতিমধ্যেই সিল করে দেওয়া হয়েছে। উদ্ধার হওয়া ভোটার কার্ডগুলির অধিকাংশই নদিয়া, উত্তর ২৪ পরগনার ঠিকানার। সেগুলি আসল না নকল, তা খতিয়ে দেখা হচ্ছে। এর জন্য যে সব ব্যক্তির নামে ভোটার কার্ড রয়েছে, তাঁদের সঙ্গেও যোগাযোগ করা হবে বলে খবর পুলিশ সূত্রে।শুক্রবার সকালে তাতলা গ্রাম পঞ্চায়েতের মিত্রপুকুর এলাকা চাকদহ-বনগাঁ রাজ্য সড়কের পাশে একটি ঝোপঝাড়ে গুচ্ছগুচ্ছ ভোটার কার্ড পড়ে থাকতে দেখেন স্থানীয়েরা। ভোটার কার্ড ছাড়াও নির্বাচনে ব্যবহৃত কিছু নথিও পাওয়া গিয়েছে। যে জায়গা থেকে ভোটার কার্ড ও নথিপত্র মিলেছে, তার ঠিক পাশেই একটি বাড়ি রয়েছে। সেই বাড়ি থেকেও বস্তাভর্তি কিছু জিনিস মিলেছে। আশপাশে ছড়িয়েছিটিয়ে কিছু ভোটার কার্ড পড়ে থাকতেও দেখা গিয়েছে।







ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৫৬ সংখ্যা ২৭ ফেব্রুয়ারী, ২০২৪ মঙ্গলবার ১৪ ফাল্গুন, ১৪৩০

## সম্পাদকীয়

# ব্যাঙ্ক আর পোস্ট অফিসে পৌঁছে যাবে ভোট-বার্তা, মউ সই করল নির্বাচন কমিশন

ভোট নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে এবং নিজেদের বার্তা আরও সহজে ভোটারদের কাছে পৌঁছে দিতে লোকসভা ভোটের আগে দুই সংস্থার সঙ্গে গাঁটছড়া বাঁধল জাতীয় নির্বাচন কমিশন। সংস্থা দু'টির একটি হল ভারতের অধিকাংশ ব্যাঙ্ক যে সংগঠনের অন্তর্ভুক্ত, সেই ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন (আইবিএ)। অন্যটি ভারতের ডাক বিভাগ।২০১৯ সালের লোকসভা নির্বাচনে ভোটদানের হার ছিল ৬৭.৪ শতাংশ। এ বার এই হারকে বৃদ্ধি করতে চায় কমিশন। তাই প্রান্তিক এলাকায় বসবাসকারী ভোটারদের কাছে পৌঁছতে ব্যাঙ্ক এবং পোস্ট অফিসকে ব্যবহার করার পরিকল্পনা করা হয়েছে। বর্তমানে আইবিএ-র আওতায় রয়েছে ২৪৭টি রাষ্ট্রায়ত্ত এবং বেসরকারি ব্যাঙ্ক। গোটা দেশে বিভিন্ন ব্যাঙ্কের কয়েক লক্ষ শাখা, এটিএম এবং পোস্ট অফিসের মাধ্যমে নিজেদের বার্তা পৌঁছে দিতে চায় কমিশন। সম্প্রতি পড়ুয়াদের মধ্যে ভোট নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে শিক্ষা মন্ত্রকের সঙ্গে মউ স্বাক্ষর করে কমিশন।সোমবার এই দুই সংস্থার সঙ্গে মউ (সমঝোতাপত্র) স্বাক্ষর করে জাতীয় নির্বাচন কমিশন। মউ স্বাক্ষরের সময় উপস্থিত ছিলেন দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার, নির্বাচন কমিশনার অরুণ গোয়েল, ভারতীয় ডাক বিভাগের সচিব বিনীত পান্ডে এবং আইবিএ-র মুখ্য প্রশাসক সুনীল মেটা। এ ছাড়াও সংশ্লিষ্ট সংস্থাগুলির উচ্চপদস্থ আধিকারিকেরা সোমবার মউ স্বাক্ষরের সময় উপস্থিত ছিলেন।

## সন্দেশখালিতে তৃণমূল পঞ্চায়েত সদস্যর

# বাড়িতে 'তাণ্ডব' মহিলাদের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অজিত মাইতি, বিনয় সর্দারের পর শংকর সর্দার। ফের সন্দেশখালির বেড়মজুর গ্রামে মহিলাদের রোষের মুখে তৃণমূল নেতা। লাঠি, ঝাঁটা, জুতো হাতে ওই তৃণমূল পঞ্চায়েত প্রধানের বাড়িতে তাণ্ডব রণংদেহী মহিলাদের। চারদিক দিয়ে বাড়ি ঘিরে চলে ব্যাপক ভাঙচুর।

খবর পেয়ে ডিআইজি বারাসত ভাস্কর মুখোপাধ্যায়ের নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছয়। উন্মত্ত গ্রামবাসীদের সামাল দেয় পুলিশ। "আইন কেউ নিজের হাতে তুলে নেবেন না", বলেই আর্জি জানান পুলিশ আধিকারিকরা। শংকর সর্দারের স্ত্রী শিবানী এবং মেয়ের সঙ্গেও কথা বলেন পুলিশ আধিকারিকরা। তাঁদের দুজনেরই দাবি, শংকর কোনওরকম দুর্নীতির সঙ্গে যুক্ত নন। অশান্তির সময় শংকর সর্দার বাড়িতে ছিলেন না বলেই জানান তাঁর স্ত্রী ও মেয়ে। এখনও পর্যন্ত এই অশান্তির ঘটনায় পাঁচ মহিলাকে আটক করেছে পুলিশ। তাঁদের টোটো করে থানায় নিয়ে যাওয়া হয়।ছুড়ে ফেলা হয় বাসনপত্র। অবিলম্বে শংকর সর্দারের গ্রেপ্তারির দাবিতে সরব বিক্ষোভকারীরা।

তৃণমূল নেতা শংকর সর্দারের বিরুদ্ধে ভূরি ভূরি অভিযোগ গ্রামবাসীদের। তাঁদের দাবি, শেখ শাহজাহান এবং শেখ সিরাজউদ্দিনের প্রভাব খাটিয়ে এলাকায় জমিজমা লুটপাট করতেন তিনি। প্রতিবাদ করলেই কপালে জুটত মারধর। পুলিশের দ্বারস্থ হলে হুমকিও দেওয়া হত গ্রামবাসীদের। জব কার্ড আত্মসাতের অভিযোগও উঠেছে শংকরের বিরুদ্ধে। আর তার প্রতিবাদে সোমবার সকালে তৃণমূল নেতার বাড়িতে চড়াও হন মহিলারা। রণংদেহী মহিলারা লাঠি-ঝাঁটা-জুতো হাতে তৃণমূল পঞ্চায়েত সদস্যর বাড়ি ঘিরে ধরে। বাড়িতে ব্যাপক ভাঙচুর চলে। ফেলে দেওয়া হয় বাসনপত্র। খাবারদাবারও ফেলে দেওয়া হয় বলেই অভিযোগ।

## সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সৌম্যাবয়ব, শুভ্র বসন, হংস-সংবলিত, পুস্তক ও বীণা ধারিণী এই দেবী বাঙালির মানসলোকে এমন এক প্রতিমূর্তিতে বিরাজিত, যেখানে কোনো অন্ধকার নেই, নেই অজ্ঞানতা বা সংস্কারের কালো ছায়া। সরস্বতী দেবীকে হিন্দুরা পূজা করলেও সে কারণেই সব বাঙালির কাছে 'বিদ্যা' নামক অব্যাখ্যাত শব্দটির প্রতীক এই সরস্বতী। আজও কথিত প্রচলন আছে, পূজার দিন লেখাপড়া একেবারেই নিষেধ থাকে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)

দয়াগঞ্জে স্বামীবাগ-এ " শক্তি ঔষধালয়ের" ভিতরে; প্রথম লোকনাথ ব্রহ্মচারীর মন্দির নির্মাণ করেন।ব্রহ্মানন্দ ভারতীর মতন আরেক ঢাকার জজকোর্টের উকিল হরিহরণ চক্রবর্তীও; বাবার দর্শন করতে এসে বারদী থেকে যান। হরিহরণের গুরুভক্তিতে প্রসন্ন হয়ে; বাবা লোকনাথ নিজের ব্যবহৃত পাদুকা দান করেন। তিনি কাশীতে বাবা লোকনাথের নামে মন্দির প্রতিষ্টা করেন।সোনারগাঁর গোবিন্দপুর নিবাসী অখিলচন্দ্র সেন; উচ্ছৃখল জীবনযাপনে অভ্যস্ত এক জমিদার পুত্র। দূর-দূরান্ত থেকে হাজার হাজার মানুষ কেন নিঃস্ব এক শ্মশানে থাকা মানুষের কাছে আসেন; তা জানার জন্য তিনি দেখতে আসেন। দূর থেকে দাড়িয়ে প্রায় মাঝে মাঝে এসে দেখে যান।একদিন বাবার কাছাকাছি এসে নিজের অশান্তির কথা জানান। নিজের কারনে যেসব মানুষকে কষ্ট দিয়েছে; তাদের সে কষ্টের মোচন করার উপদেশ দেন লোকনাথ বাবা। অখিলচন্দ্র বাড়ি ফিরে গিয়ে; সব সম্পত্তি গ্রামের দুঃখী মানুষের নামে দান করে দেন; এবং নিঃস্ব এক কাপড়ে বাবা লোকনাথের আশ্রমে এসে উপস্থিত হন। বাবার আশীর্বাদে ও সাধনায় তিনি; "সুরথনাথ ব্রহ্মচারী" নামে খ্যাতি লাভ করেন।

বারদী নিবাসী কবিরাজ রামরতন চক্রবর্তীর ছেলে জানকীনাথ। যৌবনে দূরারোগ্য রোগে আক্রান্ত হন । পিতা সন্তানকে আর বাঁচানোর আশা না দেখে; বাবা লোকনাথের আশ্রমে ছেলেকে দান করে যান। বাবা জানকীনাথকে বারদী আশ্রমের দেখাশুনার দায়িত্বঢ় প্রদান করেন। গুরুকৃপায় জানকীনাথ ব্রহ্মচারী এক উচ্চ সাধক হিসাবে প্রতিষ্টিত হন। বাবার নয়নের মনি ছিলেন তিনি, অসম্ভব স্নেহ করতেন জানকীনাথকে। বাবা লোকনাথের সমাধির পাশেই সমাধিস্থ হন জানকীনাথ ব্রহ্মচারী।এই ধরণের অভিজ্ঞতার কথা প্রায়ই শোনা যায়- "আমি যখন আমার সৃষ্টিকর্তার কথা চিন্তা করি, যখন তার কাছে প্রার্থনা করি তখন আমার মনে এক অন্যরকম শান্তি অনুভূত হয়। এই মানসিক শান্তি আমি অন্য কোনোভাবেই অনুভব করি না। এর পরও কি তুমি বলবে ঈশ্বর নেই?" এই ধরণের আধ্যাত্মিক বা মরমী অভিজ্ঞতাকে অবশ্য কোনো ভাষায় ব্যাখ্যা করা যায় না। এই অনুভূতি পরিমাপ করার মত কোনো পদ্ধতিও মনে হয় আবিষ্কৃত হয় নি। কাজেই এই ধরণের অনুভূতির অভিজ্ঞতা কাউকে অন্য কোনোভাবে প্রদান করা সম্ভব কিনা তাও বলা যায় না। আধ্যাত্মিক অভিজ্ঞতাকে ব্যাখ্যা করা যায় নিউরোসাইকোলজির মাধ্যমে। এই রকম চিন্তা মাথায় আসে মস্তিস্কের কজাল অপারেটরের (causal operator) মাধ্যমে। এই কজাল অপারেটর যখন বাস্তবতাকে বিশ্লেষণ করতে যায় তখন স্বয়ংক্রিয়ভাবেই মানুষের মন পরিবেশকে ব্যাখ্যা করতে গিয়ে তার কল্পনাশক্তির মাধ্যমে বিভিন্ন অবাস্তব ধারণাকে নিয়ে আসে। এগুলো ব্যক্তিগত ক্ষেত্রে আসতে পারে, (যেমন স্বপ্ন, দিবাস্বপ্ন এবং আরও অনেক ধরণের কল্পনা) তেমনি একটি সমাজেও প্রভাব বিস্তার করে ফেলতে পারে। মানুষ যতদিন পৃথিবীতে তাদের টিকে থাকা নিয়ে সচেতন থাকবে হয়ত ততদিন তারা তাদের চারপাশের সকল বস্তুকে নিয়ে আনমনেই এই ধরণের অবাস্তব ধারণা তৈরি করতে থাকবে এবং এইভাবেই তারা দৈত্য, দানব, ভুত-প্রেত, দেবদূত, ফেরেশতা, ঈশ্বরসহ আরও অনেক অতিপ্রাকৃতিক সত্তার জন্ম দিতে থাকবে। এই ধরণের আধ্যাত্মিক অভিজ্ঞতার দাবি আস্তিকদের কাছে অকাট্য ও অখণ্ডনীয় বলে মনে হলেও বৈজ্ঞানিক দৃষ্টিতে এগুলো অগ্রহণযোগ্য । যেমন, ঈশ্বরকে অনেকে বর্ণনা করেন এভাবে, "...the dazzling obscurity of the secret silence, outshining all brilliance with the intensity of their darkness". এখন এই ধরণের বিবরনকে কিভাবে যাচাই করবেন। আধ্যাত্মিকতা সম্পর্কিত এই ধরণের দাবি কখনোই বাস্তবমুখী হতে পারে না। এধরণের উক্তির অসংলগ্নতা মাপারও কোন গ্রহণযোগ্য ব্যবস্থা নাই। তাই এই ধরণের সাইকোলজিকাল হাইপোথিসিসকে প্রত্যাখ্যান করাটা মোটেও অযৌক্তিক হয় না। তাই ঈশ্বর দুনিয়ার সৃষ্টিকর্তা ও সর্বশক্তিমান। তার শক্তির সমকক্ষ এই দুনিয়ায় দ্বিতীয় কেউ নেই বা হতে পারে না। অনেক যোগী, ঈশ্বরের কিছু কিছু অলৌকিক শক্তি অর্জন করতে পারেন সাধনার মধ্য দিয়ে। এবং তার জন্যে যুগে যুগে জন্মগ্রহণ করে সাধনায় ব্রতী হতে হয়। এবং তার পরে পাওয়া যায় সিদ্ধি। কিন্তু সেই সিদ্ধির জন্য গুপ্ত ঈশ্বর মন্ত্র কেবলমাত্র একজন সিদ্ধ গুরু বা সিদ্ধাই দিতে পারেন।ঈশ্বরের শক্তি যখন কোন সাধককে দেওয়া হয় তার একটা তাৎপর্য থাকে। কেউ এমনই এমনই শক্তি লাভ করে না। এবং ঐ গুরু মন্ত্রই হলো সিদ্ধির চাবিকাঠি। এবং এই গুরু মন্ত্র সাধারণত যিনি প্রদান করেন, তিনি শুধু ঐ মন্ত্র দেওয়ার জন্যই সারা জীবন অপেক্ষা করে থাকেন। এবং সময় এলে স্বয়ং ঈশ্বর তাকে মন্ত্র বলে দেন এবং নির্দেশ দেন কাকে এই মন্ত্র দিতে হবে এবং কোথায় সেই নব্য সাধক সাধনায় লিপ্ত।চারটি অনুঘটকের কারনে হয় মানব জন্ম। যা হল কর্ম, জ্ঞান, ইচ্ছা ও ভক্তি। আর সাধকের জন্ম হয় কর্মের পুন্য, জ্ঞান, ভক্তি ও সাধের কারণে। যখন এই অনুঘটক গুলো পূর্নতা লাভ করে তখন মেলে সিদ্ধি। আর, একটা সিদ্ধি কিন্তু পর্যাপ্ত নয়। সিদ্ধির ব্যাপারটা অনেকটা উর্ধমুখী সিঁড়ির মতো। এক একটা পরীক্ষা আর তার পর নতুন সিঁড়ির দরজা খোলা হয়। এভাবে চলতে থাকে। আর পরীক্ষার আগে থাকে শিক্ষা এবং চরম বাঁধা। আসে ঈশ্বরের শত্রু অর্থাৎ শয়তানের দল, তাদের সাথে চলে নিরন্তর সংগ্রাম। তেমনি সংগ্রাম করে আমাদের মধ্যে মানুষরূপে স্বয়ং ঈশ্বর বাবা লোকনাথ রুপে জন্মগ্রহণ করেছিলেন। তার আত্মলীনা ও অলৌকিক শক্তি উদাহরণ আমরা কিছুটা হলেও তুলে ধরলাম।। তিনি আমাদের ছেড়ে চলে যান।সেদিন ছিল ১৯শে জৈষ্ঠ, রবিবার। বাবা নিজেই বললেন তার প্রয়াণের কথা। বহু মানুষ আসেন তাঁকে শেষ দর্শন করার জন্য। কথিত আছে একসময় লোকনাথ মহাযোগে বসেন। সবাই নির্বাক হয়ে অশ্রুসজল চোখে এক দৃষ্টিতে চেয়ে থাকেন কখন বাবার মহাযোগ ভাঙ্গবে। কিন্তু ঐ মহাযোগ আর ভাঙেনি। শেষ পর্যন্ত ১১.৪৫ মিনিটে দেহ স্পর্শ করা হলে দেহ মাটিতে পড়ে যায়। বাংলা ১২৯৭ সালের ১৯ জ্যৈষ্ঠ (১ জুন, ১৮৯০ খ্রিষ্টাব্দ) ১৬০ বছর বয়সে লোকনাথ ব্রহ্মচারী দেহত্যাগ করেন। নারায়ণগঞ্জের বারদীর শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারীর আশ্রমে প্রতি বছর উনিশ জৈষ্ঠ মহাপুরুষ লোকনাথ ব্রহ্মচারীর তিরোধান উৎসব ও সপ্তাহ ব্যাপী মেলা বসে । তার এই মহাকাল প্রয়াণের দিনটিকে ভক্তি শ্রদ্ধার মধ্য দিয়ে স্মরণ করার জন্যই এই উৎসব ও মেলার আয়োজন হয় । এই তিরোধান উৎসবে অংশগ্রহণ করতে প্রতিবেশী দেশ ভারত, নেপাল, ভুটান ও শ্রীলঙ্কাসহ দেশের লক্ষাধিক লোকনাথ ভক্ত বারদী আশ্রমে এসে সমবেত হন । জৈষ্ঠের উনিশ তারিখ আশ্রমের চৌচালা ছাদের উপর থেকে ভক্তদের ছুঁড়ে দেয়া বাতাসা মিষ্টান্ন ও তা কুড়ানোর উচ্ছ্বল আয়োজন হয় যা "হরি লুট" নামে পরিচিত। এছাড়া দিন ব্যাপী চলে গীতা পাঠ, বাল্যভোগ, লোকনাথের জীবন বৃত্তান্ত পাঠ, রাজভোগ, প্রসাদ বিতরণ ও আরতী কীর্তনসহ ধর্মীয় নানা অনুষ্ঠান।শ্রী শ্রী বাবা লোকনাথ ব্রহ্মচারীর আশ্রমের দক্ষিণের উঠানে তাঁর সমাধিস্থলের পশ্চিমে শত বৎসর ধরে কালের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে বিশাল আকৃতির একটি বকুল গাছ । আশ্রমের ভেতরে আছে লোকনাথ ব্রহ্মচারীর বিশাল তৈলচিত্র । মূল আশ্রমের পেছনে খোলা উঠান পেরিয়ে বিশাল পাঁচতলা ভবনের যাত্রীনিবাস । পশ্চিমে আরও দুটি বিশালাকার যাত্রীনিবাস । ভক্ত ও দর্শণার্থীরা বিনা পয়সায় এখানে রাত্রিযাপন করেন। সাধক পুরুষ লোকনাথ ব্রহ্মচারী জীবিত থাকা অবস্থায় আশ্রমের পাশে কামনা সাগর ও জিয়স নামে পুকুর খনন করা হয়। এই পুকুরটিতে আশ্রমে আগত ভক্তরা স্নান করেন।বারদীর লোকনাথ আশ্রম এখন শুধুমাত্র হিন্দু ধর্মাবলম্বীদের তীর্থ স্থানই নয়, বরং ধর্ম-বর্ণ-জাতি নির্বিশেষে সকল ধর্মের, সকল মানুষের কাছে এক মিলন মেলা হিসেবে পরিচিত।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## পুরুষদের প্লাস্টিক ব্যাগের সঙ্গে তুলনা টুইঙ্কেলের, ক্ষুব্ধ কঙ্গনা






**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** পুরুষদের প্লাস্টিক ব্যাগের সঙ্গে তুলনা করে আলোচনায় এসেছেন বলিউড অভিনেতা অক্ষয় কুমারের ঘরনি টুইঙ্কেল খান্না। তার এমন মন্তব্য শুনে মেজাজ হারান বলিউডের আরেক অভিনেত্রী কঙ্গনা রানাউত।

ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়ার একটি প্রতিবেদন থেকে জানা যায়, নারীদের জীবনে পুরুষের ভূমিকা কী, এমন প্রশ্নের উত্তর সম্প্রতি একটি সাক্ষাৎকারে টুইঙ্কেলের কাছে জানতে চাওয়া হয়। খানিকটা মজার ছলেই টুইঙ্কেল এ প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, পুরুষরা আসলে নারীদের জীবনে প্লাস্টিক ব্যাগের মতো। জীবনে অনেক কিছু পুরুষ নামের এ ব্যাগে রেখে জীবন চালিয়ে নিলে সহজ হয়। কিন্তু ব্যাগ না হলেও ক্ষতি নেই। চলার পথে একটু ঝামেলা হয়, কিন্তু এ ব্যাগ না থাকলে যে জীবন চলবে না তা নয়।

টুইঙ্কেলের এমন মন্তব্যের সমালোচনা করে কঙ্গনা তার ইনস্টাগ্রামে লেখেন, পুরুষদের যারা প্লাস্টিকের ব্যাগ বলেন, তারা পুরুষের থেকে কোনো সুবিধা ভোগ করেন না? রুপার চামচ মুখে দিয়ে জন্ম নিয়ে সোনার থালায় ক্যারিয়ার পাওয়া মানুষ বিলাসী জীবন উপভোগ করার পর এমন মন্তব্য করেন। কারণ তাদের কাছে এমন মন্তব্য করা খুব সহজ।

কঙ্গনা আরও লেখেন, এমন মানুষ জীবনে কী চায় তারা নিজেরাই জানেন না। তাদের কাছে পুরুষকে জীবন থেকে বাদ দেয়া মানেই নারীবাদ! কঙ্গনার এমন পোস্ট দেখে নেটিজেনরা বলছেন, মজার ছলে বলা টুইঙ্কেলের ওই মন্তব্যের অনেক গভীরে চলে গেছেন কঙ্গনা। এদিকে কঙ্গনার এমন পোস্টে কোনো মন্তব্য করেননি টুইঙ্কেল খান্না।

## পরিচালকরা আমাকে ব্যবহার করেছেন; কেন বললেন ইমরান হাশমি?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা ইমরান হাশমি তার ক্যারিয়ারে অসংখ্য ছবিতে অনস্ক্রিনে নায়িকাদের চুম্বন করেছেন। একসময়ে পর্দায় চুম্বনের দৃশ্যের প্রয়োজন হলেই যেন পরিচালকদের প্রথম পছন্দ থাকতেন ইমরান হাশমি। তবে সম্প্রতি এক সাক্ষাৎকারে এই অভিনেতা জানিয়েছেন, সিনেমায় চুম্বনের দৃশ্যের প্রয়োজন না থাকলেও অনেকক্ষেত্রে পরিচালক ও প্রযোজকেরা তাকে ব্যবহার করে যৌন দৃশ্য বাড়ানোর উদ্দেশে চুম্বনের দৃশ্য শুট করিয়েছেন। বলিউডের অন্যতম প্রতিভাবান এবং জনপ্রিয় এই নায়কের সাফ দাবি, তার 'সিরিয়াল কিসার' ভাবমূর্তির সুযোগ তুলেছেন পরিচালক ও প্রযোজকেরা। এটা অবশ্য ঠিক যে, ধীরে ধীরে পর্দায় চুম্বনদৃশ্য থেকে নিজেকে গুটিয়ে এনেছেন নায়ক। কেন, সেই প্রসঙ্গে এবার মুখ খুললেন তিনি।


বলিউড হাঙ্গামা এই সাক্ষাৎকারে জানতে চেয়েছিল পর্দায় অন্তরঙ্গ দৃশ্যে এখন আর ইমরানকে দেখা যায় না কেন? উত্তরে নায়ক তুলে ধরেছেন দুটি দিক। প্রথমটা চলচ্চিত্র নির্মাণের দিক।

ইমরান জানিয়েছেন, এখন যখন তিনি নিজের আগের ছবিগুলো দেখেন স্পষ্ট বুঝতে পারেন চিত্রনাট্যে ওই জায়গাগুলোয় চুম্বনের কোনো প্রয়োজনই ছিল না। পরিচালক ও প্রযোজকেরা তাকে ব্যবহার করে যৌন-দৃশ্যের টানে সিনেমা হলের সিট ভর্তি করতে চাইতেন।

দ্বিতীয় কারণ স্ত্রী পারভিন শাহানি। নায়ক সাফ জানিয়েছেন যে, পর্দায় চুম্বনদৃশ্য না করার বিষয়ে তাকে পরামর্শ স্ত্রীই দিয়েছিলেন। তিনি আসলে ইমরানের যে ভাবমূর্তি তৈরি হয়ে গিয়েছিল, তা নিয়ে উদ্বেগে থাকতেন। স্ত্রীর কথা মেনেও নেন নায়ক।


## অভিনেতা সুশান্ত মৃত্যু মামলায় স্বস্তিতে রিয়া






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যু মামলায় অভিনেত্রী রিয়া চক্রবর্তীর বিরুদ্ধে 'লুক আউট' নোটিশ জারি করেছিল সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (সিবিআই)। রিয়া ছাড়াও তার ভাই শৌভিক চক্রবর্তী এবং বাবা ইন্দ্রজিৎ চক্রবর্তীর বিরুদ্ধেও 'লুক আউট' নোটিশ জারি ছিল। তবে বৃহস্পতিবার বম্বে হাইকোর্ট রিয়া ও তার বাবা, ভাইয়ের বিরুদ্ধে জারি করা 'লুক আউট' নোটিশ খারিজ করে দিয়েছেন। এতে দেশের বাইরে যাওয়ায় আর কোনো বাধা রইল না রিয়ার।

প্রসঙ্গত, ২০২০ সালে সুশান্তের মৃত্যুর পর তার উপর আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ দায়ের করেন অভিনেতার বাবা। তাছাড়া সেই সময় মাদক মামলাতেও গ্রেফতার করা হয় রিয়াকে। তারপর রিয়ার নামে লুক আউট নোটিশ জারি হয়। যার ফলে অভিনেত্রীর বিদেশ যাওয়ায় নিষেধাজ্ঞা ছিল। লুক আউট সার্কুলার জারি স্থগিত রাখার জন্য বম্বে উচ্চ আদালতে আবেদন জানান রিয়া। কাজের প্রয়োজনে বিদেশ যেতে হবে বলেও আদালতে তখন জানিয়েছিলেন রিয়া। অভিনেত্রীর আইনজীবি হাইকোর্টে আবেদন জানান। কিন্তু তখন তার আবেদন বাতিল হয়ে গিয়েছিল।



২০২০ সালে অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর মামলায় তদন্ত শুরু করেছিল সিবিআই। সেসময় সিবিআই এর নির্দেশে অভিবাসন দফতর রিয়া, শৌভিক ও তাদের বাবা ইন্দ্রজিৎ চক্রবর্তীর বিরুদ্ধে লুক আউট জারি করেছিল। যার অর্থ কোনো ব্যক্তি আদালতের পূর্ব অনুমতি ছাড়া বিদেশ ভ্রমণ করতে পারবেন না। তবে এদিন সেই নোটিশ বাতিল করেছেন বম্বে হাইকোর্ট।

বৃহস্পতিবার বিচারপতি রেবতী মোহিতে-দেরে এবং মঞ্জুষা দেশপান্ডের ডিভিশন বেঞ্চ চক্রবর্তী পরিবারের তিন সদস্যের বিরুদ্ধে আনা লুক আউট তুলে নেওয়ার আবেদনে এই রায় দিয়েছেন।

ফলে বিদেশ যাওয়ার নিষেধাজ্ঞা থেকে মুক্তি পেলেন রিয়া।

২০২০ সালের ১৪ জুন মুম্বাইয়ের বান্দ্রায় তার অ্যাপার্টমেন্ট থেকে সুশান্ত সিং রাজপুতকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়। এই মামলায় সুশান্তের বাবা জুলাই মাসে বিহার পুলিশের কাছে রিয়া চক্রবর্তী ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ এনেছিলেন। শুধু তাই নয়, ২০২০ সালের সেপ্টেম্বরে সিবিআই কর্তৃক দায়ের করা মাদকের মামলায় গ্রেফতার করা হয়েছিল রিয়া চক্রবর্তীকে। বেশ কয়েকমাস জেলবন্দি ছিলেন অভিনেত্রী। এরপর অক্টোবরে জামিন মুক্তি পান রিয়া। এই জামিনের বিরুদ্ধে চ্যালেঞ্জ করে আর সুপ্রিম কোর্টে আবেদন করা হয়নি। তবে জামিনের শর্তগুলোর মধ্যে ছিল দেশের বাইরে যাওয়ার আগে আদালতের অনুমতি নিতে হবে রিয়াকে।

## পুরস্কার জুটল শাহরুখ খানের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত বছর 'পাঠান', 'জওয়ান' ও 'ডানকি' দিয়ে সাফল্য ও আলোচনার শীর্ষে ছিলেন বলিউড নায়ক শাহরুখ খান। কিন্তু স্বীকৃতি হিসেবে পাননি কোনো পুরস্কার। এ বছরের শুরুতে সে খরা কাটল। হাতে উঠল দাদাসাহেব ফালকের সেরা অভিনেতার পুরস্কার

গতকাল রাতে মুম্বাইয়ে অনুষ্ঠিত হয় 'দাদাসাহেব ফালকে ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অ্যাওয়ার্ড-২০২৪'। এবারের আসরে সেরা অভিনেতার পুরস্কার লাভ করেছেন শাহরুখ খান। 'জওয়ান' সিনেমার জন্য এই পুরস্কার পেয়েছেন তিনি।

কারিনা কাপুর খান, রানি মুখার্জি, শহিদ কাপুরসহ অনেক তারকা পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাঁকজমকপূর্ণ এ মঞ্চে হাজির হয়ে পুরস্কার গ্রহণ করেন শাহরুখ।

জুরি বোর্ডকে ধন্যবাদ জানিয়ে শাহরুখ খান বলেন, 'জুরি বোর্ডের সদস্যদের ধন্যবাদ জানাই, যারা আমাকে সেরা অভিনেতার পুরস্কারের জন্য যোগ্য বলে মনে করেছেন। দীর্ঘ দিন সেরা অভিনেতার পুরস্কার পাইনি। মনে হচ্ছিল, আমি আর এটি পাব না। সুতরাং আমি খুবই আনন্দিত। আমি পুরস্কার পছন্দ করি, আমি একটু লোভী।'

এরপর প্রতিশ্রুতি দিয়ে শাহরুখ খান বলেন, 'দেশ-বিদেশে যারা বসবাস করেন সবাইকে বিনোদন দেওয়ার জন্য কঠোর পরিশ্রম করার প্রতিশ্রুতি দিচ্ছি।'

পাশাপাশি 'জওয়ান' সিনেমার পরিচালক অ্যাটলি কুমার, সহশিল্পী নয়নতারা, বিজয় সেতুপাতি, গায়ক রবিচন্দ্রসহ সিনেমা সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান শাহরুখ।

শাহরুখ খান অভিনীত 'জওয়ান' সিনেমা গত বছরের ৭ সেপ্টেম্বর বিশ্বব্যাপী ১০ হাজার পর্দায় মুক্তি পায়। সিনেমাটিতে শাহরুখের বিপরীতে অভিনয় করেন দক্ষিণী সিনেমার লেডি সুপারস্টার নয়নতারা।

এছাড়াও অভিনয় করেন- সানায়া মালহোত্রা, যোগী বাবু। একটি বিশেষ চরিত্র রূপায়ন করেছেন প্রিয়ামনি। এটি পরিচালনা করেন অ্যাটলি কুমার।

## রিয়ালের ভিশন ২৬



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : ডি স্টেফানো-সান্তিয়াগো বার্নাব্যু কিংবা ডেভিড বেকহাম-রবার্তো কার্লোসদের জামানা অনেক আগেই শেষ! গত দুই যুগে এমন বহু রথী-মহারথীর আগমনে রিয়াল মাদ্রিদ হয়েছে আরও সমৃদ্ধ। তারাই সবচেয়ে বেশিবার ইউরোপ সেরার মুকুট পরেছে। যাদের ঘরে ঘরোয়া ট্রফিরও ছড়াছড়ি। সর্বশেষ ক্রিশ্চিয়ানো রোনালদোর সময়ও রিয়াল ছড়ি ঘুরিয়েছে গোটা ইউরোপে। কিন্তু সেই চক্রের সমাপ্তি হতে না হতেই বহু ক্লাবের উঁকিঝুঁকি। অর্থের ঝনঝনানি আর তারকার ঝংকারে ম্যানচেস্টার সিটি, লিভারপুল কিংবা ন্যাপোলি-ইন্টারের জয়ধ্বনি শুনেছে বিশ্ব। এর মধ্যে অনেকটা রং হারিয়েছে রিয়াল। গত কয়েক বছরে এমনও মৌসুম ছিল, যে বার কোনো ট্রফিই ওঠেনি তাদের হাতে। সেই বাজে দশা কাটিয়ে ক্রমেই পুরোনো ঐতিহ্য নিয়ে ফিরতে মরিয়া রিয়াল। তার জন্য একটা নির্দিষ্ট লক্ষ্যও ঠিক করেছে ক্লাবটি। যে ঐতিহ্য, যাদের রঙে রঙিন হয়েছিল ক্লাব ফুটবল। তারাই আবার নিজেদের চেনাতে উঠে পড়ে লেগেছেন। এটা অস্বাভাবিক কিছু নয়। তারুণ্যনির্ভর দল গড়ে আবারও ফুটবল দুনিয়া শাসন করার পণ করেছেন তারা। সেটার জন্য হয়তো অনেক কাঠখড় পোড়াতে হবে, আরও বেশি বাধা অতিক্রম করতে হবে রিয়ালকে। তবে ক্লাবটির বর্তমান প্রেসিডেন্ট ফ্লোরেন্তিনো পেরেজ শত বাধা উপেক্ষা করে হলেও রিয়ালকে আবার সুপার ক্লাব হিসেবে প্রতিষ্ঠিত করতে চান। তার জন্য দুটি মৌসুমকে চ্যালেঞ্জ হিসেবে নিতে হবে তাঁকে। এই দুই মৌসুমের শেষ সময় আবার ২০২৬। অর্থাৎ, রিয়ালের সুপার ক্লাব হওয়ার ভিশন ২৬। স্প্যানিশ গণমাধ্যমগুলোর দাবি, যেটা বাস্তবায়নের জন্য এরই মধ্যে কাজ শুরু করেছে মাদ্রিদের ক্লাবটি। যার প্রথম নমুনা পিএসজি থেকে কিলিয়ান এমবাপ্পেকে কেনা। তাঁর সঙ্গে চুক্তিও হয়ে গেছে রিয়ালের। বেতন-ভাতাও ঠিক করে ফেলেছে তারা। ফরাসি দৈনিক এল ইকুয়েপে বলছে, কেবল সাইনিং বোনাস বাবদ ১০০ মিলিয়ন ইউরোর বেশি পাবেন কিলিয়ান। আর বেতনটা হবে বছরপ্রতি ৩০ থেকে ৩৫ মিলিয়ন ইউরো। সেই সঙ্গে ইমেজ রাইটস থেকেও অর্থ পাবেন এই ফরাসি তারকা।

এমবাপ্পের পথ ধরে রিয়াল ম্যানচেস্টার সিটি থেকে আরলিং হালান্ডকেও শিকার করতে চায়। সেটা ২০২৪-২৫ মৌসুমে না হলেও ২০২৫-২৬ মৌসুমের জন্যই পরিকল্পনা হচ্ছে। তবে হালান্ডকে না পেলে হয়তো একই ক্লাবের আর্জেন্টাইন তরুণ হুলিয়ান আলভারেজকে কিনবে ক্লাবটি। যার রিয়ালে যাওয়ার গুঞ্জন অনেক দিন ধরেই। এ ছাড়া রিয়ালের খেলোয়াড় কেনার তালিকায় শুরুর দিকে আছেন বায়ার্ন মিউনিখে খেলা ডিফেন্ডার আলফানসো ডেভিস। তাঁকে সামনের দল বদলেই কিনতে পারে মাদ্রিদের ক্লাবটি। শুধু খেলোয়াড় নয়, কোচিং স্টাফেও পরিবর্তন আসতে পারে। সেটা অবশ্য বর্তমান কোচ কার্লো আনচেলত্তির সাফল্যের ওপর। তাঁর সঙ্গে এই টার্গেট পূরণ করতে চুক্তির মেয়াদও বাড়িয়েছে দলটি। ২০২৬ সালের ৩০ জুন পর্যন্ত রিয়ালের কোচের চেয়ারে থাকতে পারবেন এই ইতালিয়ান। তবে এর মধ্যে যদি কোনো কারণে তিনি ব্যর্থ হন তাহলে প্ল্যানবি হিসেবে তাদের সাবেক কোচ জিনেদিন জিদানের দ্বারস্থ হতে পারেন রিয়ালের কর্তারা। তাছাড়া জিজুর পছন্দের খেলোয়াড় এমবাপ্পে। তিনি আসলে কিলিয়ানকে নিয়ে দারুণ একটা দল গড়তে পারবেন। সেসবও ভাবছে রিয়াল। তাদের পরিকল্পনায় বয়স্ক কোনো খেলোয়াড় থাকছে না। লুকা মডরিচ হয়তো মৌসুম শেষ হলেই মাদ্রিদ ছাড়বেন। যদিও তাঁকে কোচিং প্যানেলে থাকার জন্য একটা প্রস্তাব দিয়েছিলেন আনচেলত্তি। কিন্তু তিনি এখনই ফুটবলকে বিদায় বলতে চাচ্ছেন না। কিন্তু রিয়াল তাদের নীতিতে অটল। নিজেদের পরিকল্পনা বাস্তবায়নে যে কাউকে বাদ দিতেও পরোয়া করবে না। তাই ২০২৬ সালের মধ্যে মডরিচের মতো অনেককেই ছাড়তে হবে রিয়াল, আবার অনেক নতুন মুখও দেখা যাবে তাদের ডেরায়।

## আইপিএল: উদ্বোধনী দিনেই মাঠে নামছে মুস্তাফিজের দল



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : আগামী ২২ মার্চ থেকে শুরু হবে আইপিএলের ১৭তম আসর। প্রথম দিনে এমএ চিদাম্বরম স্টেডিয়ামে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের মুখোমুখি হবে বর্তমান চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংস। একমাত্র বাংলাদেশি ক্রিকেটার হিসেবে নিলাম থেকে ২ কোটি রুপিতে মুস্তাফিজুর রহমানকে দলে টেনেছে তারা।

এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে ২২ মার্চ থেকে ৭ এপ্রিল পর্যন্ত খেলার সূচি ঘোষণা করেছে টুর্নামেন্ট কর্তৃপক্ষ। আসরের বাকি অংশের সূচি পরে দেওয়া হবে। বিশেষ করে, নির্বাচন কমিশন ভারতের জাতীয় নির্বাচনের তারিখ ঘোষণা করলে।

জাতীয় নির্বাচনের কারণে ২০০৯ সালে পুরো আসর দক্ষিণ আফ্রিকায় এবং ২০১৪ সালে কিছু খেলা সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত হয়েছিল। তবে এবার পুরো আসরই অনুষ্ঠিত হবে ভারতে।

১০ দলের অংশগ্রহণে ৭৪টি ম্যাচ অনুষ্ঠিত হবে এবার। সবকিছু ঠিক থাকলে আগামী ২৬ মে পর্দা নামবে আইপিএলের। এর পাঁচ দিন পরই (১ জুন) যুক্তরাষ্ট্র ও ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে শুরু হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ।

## ঘরের মাঠে সিরিজ জয়, WTC পয়েন্ট টেবলে ভারতের পরিস্থিতি কী?




স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : টানা তিনটি টেস্ট জিতে পয়েন্টের শতকরাও বেড়েছে ভারতের। ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের সিরিজ। ৩-১ এগিয়ে ভারত। রাঁচি টেস্টে যদিও সহজ জয় বলা যায় না। প্রথম ইনিংসে ৩৫৩ রান করেছিল ইংল্যান্ড। পরিস্থিতি কঠিন হয়ে দাঁড়িয়েছিল ভারতের। ধ্রুব জুরেল দুটি গুরুত্বপূর্ণ জুটি গড়েন কুলদীপ যাদব ও আকাশ দীপকে নিয়ে। মাত্র ১০ রানের জন্য সেঞ্চুরি মিস করেন জুরেল। তবে তাঁর ইনিংসের সৌজন্যেই মাত্র ৪৬ রানের লিড নিতে সক্ষম হয় ইংল্যান্ড। হায়দরাবাদে প্রথম টেস্ট হারে ভারতীয় শিবিরে বড় একটা ধাক্কা লেগেছিল। তার আগে বছর শেষে দক্ষিণ আফ্রিকার মাটিতে হার। প্রোটিয়া সফরে দ্বিতীয় ম্যাচে দুর্দান্ত ভাবে ঘুরে দাঁড়িয়েছিল ভারত। কেপটাউনে অনবদ্য জয় ছিনিয়ে নেয়। ঘরের মাঠে ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম টেস্ট হারলেও দারুণ ভাবে ঘুরে দাঁড়িয়েছে ভারত। বিশাখাপত্তনমে সমতা ফেরায়। রাজকোটে ৪৩৪ রানের রেকর্ড ব্যবধানে জিতেছিল ভারত। রাঁচিতে ৫ উইকেটের জয়ে সিরিজও নিশ্চিত করে নিয়েছে ভারতীয় দল। পঞ্চম টেস্ট ধরমশালায়। সিরিজ জিতে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ পয়েন্ট টেবলে কী পরিস্থিতি ভারতের?

টানা তিনটি টেস্ট জিতে পয়েন্টের শতকরাও বেড়েছে ভারতের। ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের সিরিজ। ৩-১ এগিয়ে ভারত। রাঁচি টেস্টে যদিও সহজ জয় বলা যায় না। প্রথম ইনিংসে ৩৫৩ রান করেছিল ইংল্যান্ড। পরিস্থিতি কঠিন হয়ে দাঁড়িয়েছিল ভারতের। ধ্রুব জুরেল দুটি গুরুত্বপূর্ণ জুটি গড়েন কুলদীপ যাদব ও আকাশ দীপকে নিয়ে। মাত্র ১০ রানের জন্য সেঞ্চুরি মিস করেন জুরেল। তবে তাঁর ইনিংসের সৌজন্যেই মাত্র ৪৬ রানের লিড নিতে সক্ষম হয় ইংল্যান্ড। দ্বিতীয় ইনিংসে কুলদীপ যাদব ও অশ্বিনের অনবদ্য বোলিংয়ে ভারত ঘুরে দাঁড়ায়। চতুর্থ ইনিংসে ১৯২ রানের লক্ষ্য তাড়ায় নেমে ওপেনিং জুটির শুরুটা দুর্দান্ত হয়। পরপর উইকেট হারিয়ে ফের চাপে পড়ে ভারত। শুভমন গিল ও ধ্রুব জুরেলের পরিণত ব্যাটিংয়ে ৫ উইকেটে জয়।

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের প্রথম দুটি সংস্করণেই ফাইনালে উঠেছিল ভারত। যদিও রানার্স হয়েই সন্তুষ্ট থাকতে হয়। নতুন সাইকেলে দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। রাঁচিতে জয়ের পর দ্বিতীয় স্থান আরও মজবুত হল। এই ম্যাচের আগে ভারতের শতকরা পয়েন্ট ছিল ৫৯.৫২। রাঁচি টেস্টের পর তা হয়েছে ৬৪.৫৮। তৃতীয় ও চতুর্থ স্থানে থাকা অস্ট্রেলিয়া ও বাংলাদেশের গ্যাপ অনেকটাই বাড়িয়ে নিল ভারতীয় দল। ধরমশালা টেস্টেও জিতলে পারলে পরিস্থিতি আরও ভালো হবে।

## আর্জেন্টিনার দু'টি প্রীতি ম্যাচের সূচি ঘোষণা



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : আগামী মার্চ মাসে চীনে সফরে আফ্রিকান দুই দেশ নাইজেরিয়া ও এল সালভাদরের সঙ্গে দুটি প্রীতি ম্যাচ খেলার কথা ছিল আর্জেন্টিনার। তবে হংকংয়ে ইন্টার মায়ামির হয়ে আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি মাঠে না নামার ঘটনায় ম্যাচ দুটি বাতিল করে এশিয়ান দেশটি। ফলে ম্যাচ দুটির ভেন্যু সরিয়ে নেওয়া হয় যুক্তরাষ্ট্রে। যার সূচি ঘোষণা করেছে আর্জেন্টিনা ফুটবল ফেডারেশন (এএফএ)।

আলবিসেলেস্তে ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটি বৃহস্পতিবার এক বিবৃতিতে আসন্ন দুই ম্যাচের সূচি জানিয়েছে। আগামী ২২ মার্চ এল সালভাদর ও ২৬ মার্চ নাইজেরিয়ার মোকাবিলা করবে লিওনেল স্কালোনির আর্জেন্টিনা। প্রথম ম্যাচটি হবে ফিলাডেলফিয়ার লিঙ্কন ফিল্ড স্টেডিয়ামে এবং পরের ম্যাচের ভেন্যু লস অ্যাঞ্জেলসের কলিসিও স্টেডিয়াম।

আগামী জুনে যুক্তরাষ্ট্রের মাটিতে কোপা আমেরিকার আসর বসবে। তার আগে ইউরোপীয় দুই পরাশক্তির সঙ্গে ম্যাচ খেলতে চেয়েছিল বিশ্বচ্যাম্পিয়নরা। তবে সামনে ইউরো চ্যাম্পিয়নশিপ থাকায় কোনো দলের ফাঁকা সূচি পাওয়া যায়নি। তাই শেষ পর্যন্ত আফ্রিকার নেশন্স কাপ খেলা অন্যতম বড় দুই দলের সঙ্গে তারা প্রীতি ম্যাচ ঠিক করে।

## কাশ্মীরের রাস্তায় কেন ব্যাট হাতে শচীন



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : রাস্তার মধ্যে ক্রিকেট খেলছিলেন কাশ্মীরের কয়েক জন তরুণ। দেখে লোভ সামলাতে পারলেন না শচীন তেন্ডুলকার। তাদের কাছ থেকে ব্যাট চেয়ে নিয়ে তিনি নেমে পড়লেন খেলায়। পরে সেখান থেকে পৌঁছে গেলেন সেখানকার একটি ব্যাট প্রস্তুতকারক কারখানায়। সেখানে গিয়ে ছোটবেলার



স্মৃতিতে ফিরলেন শচীন।

পরিবারকে নিয়ে কাশ্মীরে বেড়াতে গিয়েছেন শচীন। সেখানে রাস্তায় তিনি কয়েক জনকে ক্রিকেট খেলতে দেখেন। গাড়ি থেকে নেমে পড়েন শচীন। চলে যান তাদের কাছে। শচীনকে দেখে অবাক হয়ে যান স্থানীয়রা। তাদের কাছ থেকে ব্যাট চেয়ে খেলতে শুরু করেন শচীন। বেশ কয়েকটি বল খেলেন তিনি। কখনও স্ট্রেট ড্রাইভ, কখনও কভার ড্রাইভ, আবার কখনও সুইপ মারতে দেখা যায় তাকে। একটা সময় তো ব্যাট উল্টো করে ধরে হাতল দিয়ে বল মারেন শচীন।

চোখের সামনে শচীনকে খেলতে দেখে আনন্দ ধরে রাখতে পারছিলেন না স্থানীয়রা। রাস্তায় যাতে যানজট না হয় তার জন্য শচীনকে ঘিরে ছিলেন সেনাবাহিনীর জওয়ানেরা। পরে সবার সঙ্গে ছবি তোলেন শচীন। এই পুরো ঘটনার সাক্ষী থাকেন তার স্ত্রী অঞ্জলি ও কন্যা সারা।

## ধর্ষণকাণ্ডে দানি আলভেজের
## সাড়ে ৪ বছর কারাদণ্ড



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : বার্সেলোনার নৈশক্লাবে এক নারীকে ধর্ষণের অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন ব্রাজিলের সাবেক তারকা ফুটবলার দানি আলভেজ। এ ঘটনায় স্পেনের আদালত আলভেজকে সাড়ে ৪ বছর কারাদণ্ড দিয়েছেন। আদালত একইসঙ্গে ভুক্তভোগী তরুণীকে দেড় লাখ ইউরো ক্ষতিপূরণ দিতে আলভেজকে বলা হয়েছে।

বৃহস্পতিবার ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

আদালত রায়ে বলেছেন, 'ভুক্তভোগী সম্মতির কোনো প্রমাণ পাওয়া যায়নি। বাদীর করা ধর্ষণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।'

রায়ের বিরুদ্ধে আপিল করতে পারবেন আলভেজ। তার আইনজীবী অবশ্য বেকসুর খালাস চেয়েছিলেন।

প্রসঙ্গত, ২০২২ সালের ৩১ ডিসেম্বর তার বিরুদ্ধে স্পেনের এক তরুণীকে ধর্ষণের অভিযোগ ওঠে। যদিও শুরু থেকে নিজেকে নির্দোষ দাবি করে আসছিলেন আলভেজ। অবশেষে দোষী সাব্যস্ত হওয়ার পর তাকে কঠিন শাস্তিই পেতে হলো।

## ২১ বলে সেঞ্চুরি করে
## ইতিহাসের পাতায় আসজাদ



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : ক্রিকেটটা হয়ে গেছে এখন ব্যাটারদের খেলা। তাই বলে ২১ বলে সেঞ্চুরি! আসজাদ বাট গড়লেন ইউরোপিয়ান টি-টেন ক্রিকেটে সব থেকে কম বলে সেঞ্চুরি করার সর্বকালীন রেকর্ড।এমনকি ১০ ওভারের ক্রিকেটে সার্বিকভাবে এর থেকে কম বলে সেঞ্চুরি নেই কারও।

বুধবার ইসিএস স্পেনের ৮৬তম ম্যাচে মুখোমুখি হয়েছিল কাতালুনিয়া ড্রাগনস ও সোহেল হসপিটেলেট। বার্সেলোনার মন্টজুইক অলিম্পিক গ্রাউন্ডে অনুষ্ঠিত হয় ম্যাচটি। টস জেতেন সোহেল হসপিটেলেটের অধিনায়ক আসজাদ। তিনি শুরুতে ব্যাট করার আমন্ত্রণ জানান কাতালুনিয়া ড্রাগনসকে।

টস হেরে শুরুতে ব্যাট করতে নেমে কাতালুনিয়া নির্ধারিত ১০ ওভারে ৪ উইকেটের বিনিময়ে ১৫৫ রানের বড়সড় সংগ্রহ গড়ে তোলে। ক্যাপ্টেন আদিল শাহ ওপেন করতে নেমে ২৮ বলে করেন ৭১ রান। আদিল তার ইনিংসে ৩টি চার ও ৮টি ছক্কা মারেন। চার নম্বরে ব্যাট করতে নেমে আগ্রাসী হাফসেঞ্চুরি করেন সুফিয়ান ইলাহি। তিনি ৮টি ছক্কার সাহায্যে ২১ বলে ৫৭ রান করে ক্রিজ ছাড়েন।

পালটা ব্যাট করতে নেমে সোহেল হসপিটেলেট কার্যত ধ্বংসলীলা চালায়। তারা মোটে ৫.৩ ওভার ব্যাট করে বিনা উইকেটে ১৫৬ রান তুলে ম্যাচ জিতে যায়।

ওপেন করতে নেমে ক্যাপ্টেন আসজাদ মাত্র ২১ বলে ব্যক্তিগত শতরান পূর্ণ করেন। শেষমেশ ২৭ বলে ১২৮ রানের ধ্বংসাত্মক ইনিংস খেলে অপরাজিত থাকেন। বিধ্বংসী ইনিংসে ৯টি চার ও ১৮টি ছক্কা মারেন আসজাদ। অর্থাৎ, ২৭টি বলের মধ্যে তিনি ২২টি বলকে বাউন্ডারি লাইনের বাইরে পাঠান।

## নাপোলির সঙ্গে ড্র করল বার্সা




স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে শেষ ষোলোর প্রথম লেগে নাপোলির সঙ্গে ১-১ ব্যবধানে ড্র করেছে বার্সেলোনা। রবের্ত লেভানদোভস্কির গোলে বার্সেলোনা এগিয়ে যাওয়ার পর নাপোলিকে সমতায় ফেরান ভিক্টর ওসিমেন।

দিয়েগো আরমান্দো মারাদোনা স্টেডিয়ামে শুরুটা ভালো করে বার্সেলোনা। প্রথম ২২ মিনিটে ছয়টি শট নেয় তারা। যার মধ্যে তিনটিই ছিল লক্ষ্যে। যদিও গোলরক্ষকের নৈপুণ্যে বেঁচে যায় নাপোলি। তবে বিরতির পর ঠিকই জাল খুঁজে নেয় কাতালান ক্লাবটি। পেদ্রির বাড়ানো বল ধরে দুই খেলোয়াড়কে সামলে লক্ষ্যভেদ করেন লেভানদোভস্কি। সমতায় ফিরতে অবশ্য খুব বেশি সময় নেয়নি নাপোলি। ৭৫তম মিনিটে স্কোরলাইন ১-১ করেন ওসিমেন। সঙ্গে লেগে থাকা খেলোয়াড়ের চ্যালেঞ্জ এড়িয়ে বাঁ দিকের পোস্ট ঘেঁষে জাল খুঁজে নেন নাইজেরিয়ান স্ট্রাইকার। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ড্র নিয়ে মাঠ ছাড়ে দুই দল। ফিরতি লেগে আগামী ১২ মার্চ বার্সেলোনার মাঠে মুখোমুখি হবে দুই দল।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR